

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 18-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর অগ্রগতি পর্যালোচনা এবং ইভিএম-এর ফাস্ট লেভেল চেকিং-কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে।
এদিকে, এসআইআর পর্বে ২৬ শে নভেম্বরের মধ্যে রাজ্যের প্রতিটি ভোটদাতার কাছ থেকে এনুমারেশন ফর্ম সংগ্রহ ও ডিজিটাইজেশন সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।
- ২) এসআইরএর কাজে ব্যাবহারীর কাছ থেকে কখনই ওটিপি চাওয়া হয়না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে।
- ৩) স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য নথি যাচাইয়ের প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। চলবে চৌর্থ ডিসেম্বর পর্যন্ত।
এসএসসিতে শূন্যপদ বাড়ানোর দাবিতে বড় আন্দোলনে সামিল হওয়ার কথা জানিয়েছেন নতুন চাকরিপ্রার্থীরা।
- ৪) পুর নিয়োগ দুর্নীতি মামলায় দমকল মন্ত্রী সুজিত বসুর জামাই রাহুল সিং-কে গতকাল তলব করে ইডি।
- ৫) ভারতীয় উপকূল রক্ষী বাহিনী বঙ্গোপসাগর থেকে আরও এক বাংলাদেশি ট্রলার সহ ২৪ জন মৎস্যজীবীকে আটক করেছে।

৬) চীনের উহানে মহিলাদের এএফ সি চ্যাম্পিয়ন্স লিগ ফুটবলে গ্রুপ বি-র ম্যাচে ইস্টবেঙ্গল ৩-১ গোলে ইরানের বাম খাতুন এফ সিকে হারিয়ে দিয়েছে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা SIR-এর কাজের অগ্রগতির পর্যালোচনা এবং বিধানসভা নির্বাচনে ইভিএম-এর পরীক্ষা-নিরীক্ষা বা ফাস্ট লেভেল চেকিং-কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ এরাজে আসছে।

রাজ্যের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে ওই দলে আছেন, প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, মলয় মল্লিক এবং ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। তারা কলকাতা উত্তর ও দক্ষিণ, নদীয়া, দক্ষিণ ২৪ পরগণা, মুর্শিদাবাদ ও মালদায় এস আই আর-এর কাজ পর্যালোচনা করবেন।

জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে ওই প্রতিনিধি দল আজ দুপুরে কলকাতার বেঙ্গল Chamber of Commerce and Industry-তে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কলকাতা উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসবেন।

এর পর দলটি বৈঠক করবে আলিপুরে দক্ষিণ ২৪ পরগণার জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

প্রতিনিধি দলটি এরপর যাবে নদীয়া ও মুর্শিদাবাদে। কৃষ্ণনগরে রাত্রিবাসের পর আগামীকাল সকালে তারা কৃষ্ণনগর Collectorate Meeting Hall -এ বৈঠক করবেন। বিকেলে তাদের

বহুমপুরে জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসার কথা।

বৃহস্পতিবার দুপুরে কমিশনের দলটি মালদায় জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে এস আই আর-এর কাজকর্ম খতিয়ে দেখবেন। সেদিন রাতেই তাদের কলকাতায় ফেরার কথা।

প্রতিনিধি দলের সঙ্গে থাকবেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, দুই অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস ও S Arun প্রসাদ।

শুক্রবার কমিশনের দলটি নিউটাউনে তালকুটির কনভেনশন সেন্টারে আগামী বিধানসভা নির্বাচনের জন্য ইভিএম এর ফাস্ট লেভেল চেকিং কর্মশালায় যোগ দেবেন। ওই কর্মসূচিতে থাকবে রাজ্যের মোট ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিকও। ওই দিনই দিল্লি ফেরার কথা।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী পর্বে ২৬ নভেম্বরের মধ্যে রাজ্যের প্রতিটি ভোটদাতার কাছ থেকে এনিউমারেশন ফর্ম সংগ্রহ ও ডিজিটাইজেশন সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। তিনি গতকাল সাংবাদিকদের বলেন, পূরণ হওয়া এনুমারেশন ফর্ম সংগ্রহের কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে। এখনও পর্যন্ত ৮০ লক্ষ এনিউমারেশন ফর্ম ডিজিটাইজেশন হয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিক আরও জানান, কাজে গতি আনতে এবং বুথ লেভেল আধিকারিকদের উপর চাপ কমাতে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে। সমস্ত ইআরও-দের নির্দেশ দেওয়া হয়েছে, জরুরী পরিষেবায় যুক্ত এমন কর্মী ছাড়া যেকোনো দফতরে কর্মরতদের এস আই আর এর কাজে সহায়তার জন্য নিযুক্ত করা যেতে পারে।

তিনি জানান, যেখানে ১২০০ বা তার বেশি ভোটাদাতা রয়েছে, সেখানে অতিরিক্ত বিএলও দেওয়া হয়েছে। ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগের জন্য রাজ্য সরকারের কাছে ১ হাজার জনের ওপেন টেন্ডার পাঠানো হলেও এখনও পর্যন্ত কোনও অনুমোদন পাওয়া যায়নি। তিনি বলেন, ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ হলে বিএলওদের কাজের চাপ উল্লেখযোগ্যভাবে কমতো বলে শ্রী আগারওয়াল জানান।

বিজেপি, অভিযোগ করেছে, মৃত ও অন্যত্র চলে যাওয়া ভোটারদের বিষয়ে বিভিন্ন এলাকায় বিডিও-রা বিএলও-দের বিভ্রান্ত করছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে আরও অভিযোগ করেন, বহু এলাকায় বিএলও-রা ইচ্ছাকৃতভাবে অথবা রাজনৈতিক কারণে এখনও ভোটারদের এসআইআর ফর্ম বিলি করেননি। কোন বৈধ ভোটাদাতা- যাতে ফর্ম থেকে বঞ্চিত না হন তার জন্য ৪৮ ঘণ্টার মধ্যে ব্যবস্থা নিতে তিনি নির্বাচন কমিশনের কাছে দাবি জানিয়েছেন।

বাইট

অন্যদিকে, কারোর প্ররোচনায় পা না দিয়ে নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে কাজ করার জন্যও বিএলওদের প্রতি আবেদন জানান তিনি।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী এস আই আর নিয়ে যেকোন প্রশ্ন থাকলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সরাসরি টেলিফোনে যোগাযোগ করতে বলেছে। যেকোন কাজের দিন সকাল সাড়ে ১০-টা থেকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত টোল ফ্রি নম্বর ১৯৫০ অথবা ০৩৩-২২৩১-০৮৫০-এই নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে। এছাড়া ৯৮৩০০-৭৮২৫০ - এই নম্বর হোয়াটসাপও

করা যাবে। ইমেল মারফত যোগাযোগও করা যাবে –
ceowbcomplaints2024@gmail.com অথবা
ceo-election-wb@nic.in-এ।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী সহ ভোটার তালিকা সংক্রান্ত কোনও কাজেই ব্যবহারকারীর কাছ থেকে কখনও ওটিপি চাওয়া হয় না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। তাই এধরনের কাজের জন্য কমিশনের তরফে কিংবা পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে কোনও মোবাইল নম্বরে কখনও ওটিপি চাইলে তা নিঃসন্দেহে প্রতারণার চেষ্টা বলে ধরে নিতে হবে বলেও জানানো হয়েছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের পক্ষ থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে স্পষ্ট বলা হয়েছে, সম্প্রতি কয়েকটি ক্ষেত্রে নাগরিকদের মোবাইলে অচেনা নম্বর থেকে ফোন বা বার্তা গিয়ে ওটিপি চাওয়ার অভিযোগ সামনে এসেছে। এর জেরে ভোটার তালিকা সংশোধনকে কেন্দ্র করে বিভ্রান্তি বাড়ছে। সেই কারণেই নির্বাচন কমিশন এই সর্তর্কবার্তা।

স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য নথি যাচাইয়ের প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। চলবে চৌঠা ডিসেম্বর পর্যন্ত। আজ প্রথম দিনে বাংলা ভাষার জন্য তালিকাভুক্ত প্রার্থীদের ডাকা হয়েছে। প্রায় ২০ হাজার ৫০০ জন ডাক পেয়েছেন বলে এসএসসি সূত্রে জানা গেছে। এদের মধ্যে আজ প্রথম দিনে ৭১০ জনের নথি যাচাই করা হবে। সকাল সাড়ে ৯ টা থেকে সল্টলেকের করুণাময়ীয়ের

কাছে এসএসসির নতুন ভবনে এই যাচাইয়ের কাজ শুরু হবে। প্রতিদিন গড়ে এক থেকে দেড় হাজার প্রার্থীকে ডাকা হবে। নথি যাচাইয়ের জন্য থাকছে ১৫ টি টেবিল। প্রত্যক টেবিলে ১০০ জন করে প্রার্থীর নথিপত্র যাচাই করা হবে।

উল্লেখ্য, প্রার্থীদের অ্যাপ্লিকেশন ফর্ম এবং ই-ইনফরমেশন শিট, সচিত্র পরিচয়পত্র, জাতিগত শংসাপত্র, স্নাতকোত্তরের শংসাপত্র-সহ প্রয়োজনীয় নথি রাখতে হবে বলেও এস এস সি জানিয়েছে।

এসএসসিতে শূন্যপদ বাড়ানোর দাবিতে বড় আন্দোলনে সামিল হওয়ার কথা জানিয়েছেন নতুন চাকরিপ্রার্থীরা। তাঁরা গতকাল করুণাময়ী থেকে বিকাশ ভবন অভিযান করেন। চাকরিপ্রার্থীদের দাবি, ইন্টারভিউয়ের আগে অভিজ্ঞতার জন্য ১০ নম্বর দেওয়া যাবে না। আরও ১ লক্ষ শূন্যপদ তৈরি করতে হবে, যাতে নতুন প্রার্থীরা বেশি সুযোগ পান। এই কর্মসূচিকে কেন্দ্র করে উত্পন্ন হয়ে ওঠে করুণাময়ী চতুর। পুলিশ বাধা দিলে আন্দোলনকারীরা রাস্তায় বসে বিক্ষোভ দেখান। তাঁদের জোর করে পুলিশ তুলে দেয় বলে অভিযোগ।

এসএসসিতে শূন্যপদ বৃদ্ধির বিষয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে আলোচনা চলছে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। যোগ্য চাকরিহারা বাদ গেলে সরকার তাএদের প্রতি সহানুভূতিশীল বলে তিনিন জানান।

বাইট

এছাড়াও শিক্ষামন্ত্রী বলেন, বিশেষভাবে সক্ষম হলে দাগি প্রার্থীরা পরীক্ষায় বসতে পারেন কিনা, সে ব্যাপারে সুপ্রিম কোর্টের নির্দেশ খতিয়ে দেখা হবে এবং আইনী পরামর্শ নেবে সরকার।

পুর নিয়োগ দুর্নীতি মামলায় দমকল মন্ত্রী সুজিত বসুর জামাই রাহুল সিং-কে গতকাল তলব করে এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি। সিজিও কমপ্লেক্সে ইডির দণ্ডের সকাল ১১ টা নাগাদ হাজিরা দেন রাহুল। বেশ কিছুক্ষণ তাকে জিজ্ঞাসাবাদ করা হয়।

এদিকে, এই দুর্নীতি মামলায় ইডির আধিকারিকরা কয়েকটি জায়গায় তল্লাশি চালিয়ে বেশ কিছু নথি ও সংগ্রহ করেছেন।

এর আগে সুজিত সবুর স্ত্রী, ছেলে ও মেয়েকে তলব করেছিল ইডি।

উত্তর ২৪ পরগনার রহড়া থানা এলাকার ঠাকুর কলোনিতে একটি ঘরে বিস্ফোরণের ঘটনায় অভিজিৎ সিং নামে এক ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করেছে। ওই ঘরেই ভাড়া থাকতো অভিজিত। তাকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

বাড়িটি থেকে বেশ কিছু শব্দ বাজি বাজেয়াপ্ত করা হয়েছে। ফরেন্সিক পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হয়। বিস্ফোরণের কারণ খতিয়ে দেখা হচ্ছে।

দক্ষিণ ২৪ পরগনার উত্তিতে নাবালিকাকে ধর্ষণ ও নৃশংস খুনের ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। মূল অভিযুক্ত হিসেবে গ্রেফতার করা হয়েছে মৃতার আত্মীয় হাবিবুল্লাহ

লক্ষ্রকে। তাকে গতকাল ডায়মন্ড হারবার মহকুমা আদালতে পেশ করা হলে, পুলিশ হেফাজতের নির্দেশ দেয়।

পুলিশ সূত্রে জানা গেছে, গত ১৪ নভেম্বর শিশু দিবসে দ্বিতীয় শ্রেণির আট বছরের ওই নাবালিকা খেলতে বেরিয়ে আর ফেরেনি। পরিবারের পক্ষ থেকে খোঁজাখুঁজি চললেও কোনও হাদিস মেলেনি। পরদিন ভোরে বাড়ি থেকে দূরে ঝোপের আড়ালে ক্ষতবিক্ষত অবস্থায় উদ্ধার হয় তার দেহ। পুলিশ তদন্তে নেমে পেশায় দর্জি হাবিবুল্লাহ লক্ষ্রকে আটক করে।

জিজ্ঞাসাবাদে প্রথমে তিনি বিষয়টি অস্বীকার করলেও পরে অপরাধ স্বীকার করে বলে পুলিশ দাবি করেছে।

ডায়মন্ড হারবার পুলিশ জেলার পদস্থ আধিকারিকরা জানিয়েছেন, ধৃতকে হেফাজতে রেখে দ্রুত তদন্ত শেষ করে দ্রুত চার্জশিট জমা দেওয়ার উদ্যোগ নেওয়া হবে, যাতে মামলার নিষ্পত্তি দ্রুত সম্ভব হয়। ঘটনার সময় আর কেউ যুক্ত ছিল কি না—সেই দিকটিও খতিয়ে দেখা হচ্ছে।

ভারতীয় উপকূল রক্ষী বাহিনী বঙ্গোপসাগর থেকে আরও এক বাংলাদেশি ট্রলার সহ ২৪ জন মৎস্যজীবীকে আটক করেছে। গত তিন দিনে এই নিয়ে মোট তিনটি ট্রলার আটক করা হল। ধৃত বাংলাদেশীর সংখ্যা দাঁড়ালো ৭৯। নতুন ‘এফবি নূর-ই-মদীনা-২৪’ নামে আটক ট্রলারটির ২৪ জন মৎস্যজীবীরই বাড়ি বাংলাদেশের কক্সবাজার এলাকায়। তাঁদেরকে আজ কাকন্দীপ আদালতে তোলা হবে। এর আগে আরও ৫৫ জন

মৎস্যজীবীকে গতকাল আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

উল্লেখ্য, পরপর তিনদিন সীমান্ত লজ্জনের এই ঘটনা উপকূল নিরাপত্তায় নতুন চ্যালেঞ্জ তৈরি করেছে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

এসআইআর এবং বাংলাদেশে অশান্ত পরিস্থিতির জেরে মৎস্যজীবীরা বারবার ভারতীয় জলসীমায় তুকে পড়ায় উদ্বিঘ্ন ভারতীয় উপকূল রক্ষী বাহিনী ও সুন্দরবন পুলিশ জেলা। এর ফলে ভারত-বাংলাদেশ জলসীমায় নজরদারি কয়েক গুণ বাঢ়ানো হয়েছে।

ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ (১৮/১১) রাত ১২ টা ১৫ মিনিট থেকে আগামিকাল ভোর চারটে ১৫ মিনিট পর্যন্ত মোট ২৪০ মিনিট শিয়ালদা দক্ষিণ শাখায় কাকদ্বীপ - নামখানা সেকশনে ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে আগামীকাল (১৯ নভেম্বর) লক্ষ্মীকান্তপুর - নামখানা বাতিল থাকবে।

একই সঙ্গে নামখানা - লক্ষ্মীকান্তপুর লোকাল কাকদ্বীপ থেকে এবং নামখানা - শিয়ালদা লোকাল লক্ষ্মীকান্তপুর থেকে ছাড়বে বলে রেল সূত্রের খবর।

রঞ্জি ট্রফি ক্রিকেটে, বাংলা আজ অসমের বিরুদ্ধে ৪ উইকেটে ২৬৭ রান হাতে নিয়ে খেলতে নামবে। তারা এখন অসমের তুলনায় প্রথম ইনিংসে ৬৭ রানে এগিয়ে রয়েছে। শাহবাজ আহমেদ ৬২ ও সুমন্ত গুপ্ত ২৫ রানে অপরাজিত আছেন। উল্লেখ্য, কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি গ্রাউন্ডে গতকাল দ্বিতীয় দিনে মধ্যাহ্নভোজের

বিরতির আগে অসমের প্রথম ইনিংস ২০০ রানে শেষ হয়ে যায়। অধিনায়ক সুমিত গাদিগাওনকার ৫৩ রান করেন।

বাংলার হয়ে মহম্মদ শামি, সুরজ সিঙ্কু জয়সওয়াল তিনিটি করে উইকেট নেন। দুটি উইকেট নেন মহম্মদ কাইফ।

এরপর বাংলা প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে ৪ উইকেটে ২৬৭ রান করে। অধিনায়ক অভিমন্যু ঈশ্বরণ ৬৬, হাবিব গান্ধী ৫৮, অনুস্তপ মজুমদার ৪৩ রান করেন।

অসমের আকাশ সেনগুপ্ত দুটি ও মুখতার ছসেন একটি উইকেট নিয়েছেন।
